

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৪৬

১/ বিবিধ

আরবী

شاب سفيه سخي أحب إلي من شيخ بخيل عابد، إن السخي قريب من الله، قريب من الجنة، بعيد من النار، وإن البخيل بعيد من الجنة، قريب من النار  
موضوع

رواه تمام الرازي (3 / 38 - 39 من مجموع الظاهرية رقم 95) من طريق محمد بن زكريا الغلابي: حدثنا العباس بن بكار: حدثنا محمد بن زياد عن ميمون بن مهران عن ابن عباس مرفوعا

قلت: والغلابي وضاع، وقد سبق ذكره مرارا. والشطر الأول من الحديث أورده السيوطي في " الجامع الصغير " من رواية الحاكم في " تاريخه " والديلمي في " مسند الفردوس " عن ابن عباس، وسكت عنه شارحه المناوي! وأورده في اللآلي " (2 / 93) بتمامه من طريق تمام، لكن سقط من إسناده بعض رجاله، منهم الغلابي هذا الذي هو آفة الحديث، فخفيت على الناظر علة الحديث. والشطر الثاني من الحديث، أورده ابن الجوزي في " الموضوعات " من طريق أخرى عن أبي هريرة وقال: " قال العقيلي: ليس لهذا الحديث أصل ". وقد سبق الكلام عليه برقم (152)

বাংলা

৬৪৬। বোকা দানশীল যুবক আমার নিকট কূপণ আবেদ শাইখ হতে অতি উত্তম। নিশ্চয় দানশীল ব্যক্তি আল্লাহর নিকটবর্তী, জল্লাতের নিকটবর্তী ও জাহান্নাম হতে দূরে। আর কূপণ ব্যক্তি জান্নতি হতে দূরে, জাহান্নামের নিকটবর্তী।

হাদীছটি জাল।

এটি তাম্মাম আর-রাযী (৩/৩৮-৩৯) মুহাম্মাদ ইবনু যাকারিয়া আল-গাল্লাবী সূত্রে আল-আব্বাস ইবনু বাক্কর হতে তিনি মুহাম্মাদ ইবনু যিয়াদ হতে তিনি মায়মূন ইবনু মিহরান হতে তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আল-গাল্লাবী জলিকারী। তার সম্পর্কে বহুবার আলোচনা করা হয়েছে।

সুযূতী হাদীছটির প্রথম অংশটি “আল-জামেউস সাগীর” গ্রন্থে হাকিম কর্তৃক তার “তারীখ” গ্রন্থে এবং দাইলামী কর্তৃক “মুসনাদুল ফিরদাউস” গ্রন্থের উদ্ধৃতিতে ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। তার ভাষ্যকার মানবী কোন প্রকার হুকুম না লাগিয়ে চুপ থেকেছেন তিনি তার “আল-লাআলী” (২/৯৩) গ্রন্থে পূর্ণ হাদীছটি তাম্মামের সূত্র হতে উল্লেখ করেছেন। কিন্তু সনদ হতে কতিপয় বর্ণনাকারীকে ছেড়ে দিয়েছেন (উল্লেখ করেননি)। তাদের মধ্যে এই আল-গাল্লাবীও রয়েছেন। তিনিই হাদীছটির সমস্যা।

হাদীছটির দ্বিতীয় অংশকে ইবনুল জাওয়ী “আল-মাওয়ুআত” গ্রন্থে অন্য সূত্রে উল্লেখ করেছেন। উকায়লী বলেনঃ এ হাদীছটির কোন ভিত্তি নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71525>

📖 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন